আলমডাঙ্গা পৌরসভার উদ্যোগে মশক নিধন ও পরিচ্ছন্নতা অভিযান

আলমডাঙ্গা পৌর সভার উদ্যোগে শহরের বিভিন্ন স্থানে মশক নিধন ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল শনিবার বেলা ১১টায় এই অভিযান পরিচালিত হয়। পৌর প্রশাসকের আয়োজনে পৌরসভা কর্মকর্তা ও কর্মচারীরা অংশ নেন।

অভিযানের সময় শহরের রাস্তা, ড্রেন ও নালা পরিস্কার রাখা হয়েছে এবং মশার বংশবিস্তার রোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনসচেতনতা মূলক প্রচারণা চালানো হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক পান্না আকতার বলেন, “শহরকে পরিচ্ছন্ন রাখতে এবং মশা বাহিত রোগ নিয়ন্ত্রণে এই অভিযান পরিচালিত হচ্ছে। নাগরিকদের সচেতন হতে হবে এবং নোংরা আবর্জনা স্তূপ না বানিয়ে নিজ নিজ জায়গা পরিচ্ছন্ন রাখতে হবে।”

অভিযানে অংশ নেন উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা শারমিন আক্তার। তিনি বলেন, “মশা বাহিত রোগ থেকে রক্ষা পেতে আবর্জনা স্তূপ ও নোংরা পানির জমার জায়গা পরিচ্ছন্ন রাখতে হবে। যাতে মশা ডিম পাড়তে না পারে, সে বিষয়ে সবাইকে সজাগ থাকতে হবে।”

মেহেরপুর পৌরসভার উদ্যোগে মশক নিধন অভিযান

মেহেরপুর পৌরসভার উদ্যোগে মশক নিধন অভিযান ও ডেঙ্গু রোধে সচেতনামূলক উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর পৌরসভার ৬নং ওয়ার্ড ক্যাশবপাড়ায় মশক নিধন অভিযান ও ডেঙ্গু রোধে সচেতনামূলক উঠান বৈঠকের আয়োজন করা হয়।

মশক নিধন অভিযান ও ডেঙ্গু রোধে সচেতনামূলক উঠান বৈঠকে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৬নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেডিকেল অফিসার ডা. মো: ইনজামাম-উল- হক, ভুট্টো, মধু, মো: জোহা সহ মেহেরপুর পৌর ৬নং ওয়ার্ড ক্যাশবপাড়ার এলাকাবাসী এ সময় উপস্থিত ছিলেন।

দর্শনায় ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমের উদ্ধোধন

দর্শনায় ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমের শুভ উদ্ধোধন করলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু।

এ সময় তিনি বলেন ডেঙ্গু এখন সারাদেশেই ছড়িয়ে পড়েছে। আগের যে কোন সময়ের তুলনায় এ বছর আক্রান্ত ও মৃত্যর সংখ্যাও বেশি। ডেঙ্গু পরিস্থিতি এখন যে পর্যায়ে রয়েছে একে মহামারিই বলে মনে করছে বিশেষজ্ঞরা। তাই বর্তমানে ডেঙ্গু পরিস্থিতিকে জনস্বাস্থ্যর জন্য জরুরী অবস্থা হিসাবে ঘোষনা করতে সরকার পরামর্শ দিয়েছে। ডেঙ্গুজ্বর নিয়ন্ত্রন ও প্রতিরোধের লক্ষে দর্শনা পৌরসভায় মশক নিধনের শুভ উদ্ধোধন করা হলো।

গতকাল সোমবার বেলা ১২ টার দিকে দর্শনা থানা চত্বরে মশক নিধনের কার্যক্রম শুরু করে।এ সময় উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ,দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক ও কাউন্সিলর সাবির হোসেন মিকা, এস আই টিপু সুলতান, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, সাবেক কাউন্সিলর কানছু মাতবর প্রমুখ।

মেহেরপুরে শুরু হয়েছে মশক নিধন অভিযান

মুজিববর্ষ উপলক্ষে ডেঙ্গু সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে মেহেরপুরে শুরু হয়েছে মশক নিধন ও পরিষ্কার পরিচ্ছনতা অভিযান।

রবিবার বিকাল সাড়ে তিনটার দিকে শহরের কোর্ট এলাকা থেকে কাথুলী বাসস্ট্যান্ড পর্যন্ত মশা নিধনের ওষুধ স্প্রে করা হয়। শহরে প্রায় দেড় কিলোমিটার মশক নিধনের ওষুধ স্প্রে করা হয়।

এ সময় শহরের প্রধান প্রধান সড়কসহ প্রতিটি পাড়া মহল্লায় এ ওষুধ স্প্রে করা হবে বলে জানান পৌর মেয়র।

পৌর মেয়র বলেন, কোনভাবেই যাতে এডিস মশা এ এলাকায় বংশ বিস্তার করতে না পারে সে লক্ষে আমাদের সজাগ থাকতে হবে। এছাড়াও প্রতিটি পাড়া মহল্লায় বাড়ির আঙ্গিনা পরিষ্কারের জন্য সাধারণ মানুষকে সচেতন করার লক্ষে বিভিন্ন্ন কর্মসূচি হাতে নেওয়া হবে বলেও জানান তিনি।

পরে পৌর কর্মচারী জয়নালসহ ২জনে ফগার মেশিন দিয়ে মশা নিধনের ঔষুধ স্প্রে করে। এসময় পৌর কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, বাপ্পি, ইভানসহ কাউন্সিলরগণ সেখানে উপস্থিত ছিলেন।